গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষিই সমৃদ্ধি

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ

ইনস্টিটিউট (বারটান)

প্রাণিসম্পদ শাখা

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর ২০১৯-২০ অর্থ বছরে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদনা চুক্তির কার্যক্রমের অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | কাজী আবুল কালাম<br>পরিচালক (যুগ্মসচিব) ও টিম লিডার, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম, বারটান |
| সভার তারিখ | ২৫ আগস্ট ২০১৯ খ্রি: |
| সভার সময় | বিকাল ৪.০০ ঘটিকা |
| স্থান | বারটান-এর সভাকক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা-পরিশিষ্ট-'ক'। |

১. সভার শুরুতে সভাপতি বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সকল সদস্যকে স্বাগত জানান। তিনি টিমের সকল সদস্যকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যে সকল লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা যথাযথভাবে সম্পাদনের ক্ষেত্রে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সদস্য ও ফোকাল পয়েন্ট বারটান-এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা মো: মাকছুদুল হক-কে ২০১৯-২০ অর্থ বছরে মন্ত্রণালয়ের সঙ্গে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে প্রাসঙ্গিক তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২. মো: মাকছুদুল হক জানান যে, কৃষি মন্ত্রণালয়ের সঙ্গে বারটান-এর গত ২৩.০৬.২০১৯ খ্রি: তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তির সেকশন-৩ এ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ উল্লেখ আছে। তিনি জানান যে, এ সেকশনের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হলো চুক্তিতে যে তারিখের মধ্যে যে কাজ করার জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা যথাসময়ে সম্পন্ন করা। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট বিষয়ে কাজ সম্পন্ন হলেও কোন নম্বর পাওয়া যাবে না এবং তা সার্বিক মূল্যায়নে নেতিবাচক ফলাফল হিসেবে গণ্য হবে।

৩. বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের সদস্য-সচিব গোলাম ছগির আহাম্মদ, বৈজ্ঞানিক কর্মকর্তা জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ক্ষেত্রে প্রত্যেক দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ সঠিকসমূহে অর্জন করাই হলো গুরুত্বপূর্ণ। এ জন্য তিনি দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাযথ দায়িত্ব পালনের উপর গুরুত্বারোপ করেন।

৪. আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| [১.২] দপ্তর/সংস্থায় কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | ১৫.০২.২০ | পরবর্তী সভায় এ বিষয়ে সুনির্দিষ্ট সেবা এবং কিভাবে তা সম্পাদিত হবে তা উল্লেখ করে প্রস্তাব দিতে হবে। | প্রোগ্রামার |
| [১.৩] দপ্তর/সংস্থায় কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | ১১.০৩.২০ | পরবর্তী সভায় এ বিষয়ে সুনির্দিষ্ট উদ্ভাবনী উদ্যোগ এবং কিভাবে তা সম্পাদিত হবে তা উল্লেখ করে প্রস্তাব দিতে হবে। প্রয়োজনে দপ্তরে এ বিষয়ে উদ্ভাবনী উদ্যোগের আহ্বান করা যেতে পারে। ইনোভেশন টিম-কে এ বিষয়টি জানাতে হবে। | ফোকাল পয়েন্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| [১.৪] সেবা সহজিকরণ | [১.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | ১৫.১০.১৯ | এ বিষয়ে নির্ধারিত তারিখে সরকারি আদেশ জারী করা হয়েছে। অনতিবিলম্বে একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারী করতে হবে। | প্রোগামার ও ফোকাল পয়েন্ট |
| | [১.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্র বাস্তবায়িত | ১৫.০৪.২০ | যথাসময়ে এ বিষয়টি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রোগামার ও ফোকাল পয়েন্ট |
| [২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | - | এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট ও সদস্য-সচিব |
| | [২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | ১৫.১০.১৯ | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন নির্ধারিত তারিখে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ফোকাল পয়েন্ট, প্রোগামার, জনসংযোগ কর্মকর্তা ও সদস্য-সচিব |
| [২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | ৩১.১২.১৯ | এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট ও সদস্য-সচিব |
| [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | ১৬.০৮.১৯ | এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে পরবর্তী সভায় অবহিত করতে হবে। | ফোকাল পয়েন্ট ও সদস্য-সচিব |

## দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| [১.১] খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | [১.১.১] প্রশিক্ষিত কৃষাণ-কৃষাণী | ৭৩৫০ | ১ম কোয়ার্টারে ১৮৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.২] প্রশিক্ষিত এসএএও, ইমাম, স্কুল শিক্ষক, এনজিও কর্মী, পুরোহিত ইত্যাদি | ৭৩৫০ | ১ম কোয়ার্টারে ১৮৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.৩.] প্রশিক্ষিত বিজ্ঞানী/কর্মকর্তা | ৩০০ | ১ম কোয়ার্টারে ৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.৪] গার্মেন্টস, বিদেশগামী কর্মী/বস্তিবাসী ও অন্যান্য | ৩০১০ | ১ম কোয়ার্টারে ৭৫৩ জনকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.৫] সম্প্রচারিত বেতার কথিকা | ৫৫ | ১ম কোয়ার্টারে ১৪টি বেতার কথিকা প্রচারে অংশগ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| | [১.১.৬] আয়োজিত সভা/ওয়ার্কশপ | ৫০ | ১ম কোয়ার্টারে ১২টি সেমিনার/ওয়ার্কশপ-এর আয়োজন করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.৭] আয়োজিত স্কুল ক্যাম্পেইন | ৬০ | ১ম কোয়ার্টারে ১৫টি স্কুল ক্যাম্পেইন আয়োজন করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.৮] মেলায় অংশগ্রহণ | ২০ | ১ম কোয়ার্টারে ৫টি মেলায় অংশগ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| | [১.১.৯] স্কুল ক্যাম্পেইনে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রী | ৬০০০ | ১ম কোয়ার্টারে ১৫০০ ছাত্র-ছাত্রীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.১০] প্রস্তুতকৃত প্রশিক্ষণ ম্যানুয়েল বিতরণ | ১৩০০ | ১ম কোয়ার্টারে ৩২৫টি ম্যানুয়েল বিতরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| | [১.১.১১] প্রস্তুতকৃত পুষ্টি প্লেট বিতরণ | ১৮০০০ | ১ম কোয়ার্টারে ৪৫০০ পুষ্টি প্লেট বিতরণ করতে হবে। | উর্ধ্বতন প্রশিক্ষক |
| | [১.১.১২] লিফলেট/পোস্টার বিতরণ | ৬৫০০০ | ১ম কোয়ার্টারে ১৬২৫০টি লিফলেট/পোস্টার বিতরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | [১.১.১৩] বার্ষিক/অন্যান্য প্রতিবেদন | ২ | ১ম কোয়ার্টারে ১টি প্রতিবেদন প্রকাশ করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা |
| | [১.১.১৪] প্রকাশিত নিউজ লেটার | ২ | ১ম কোয়ার্টারে ১টি নিউজ লেটার প্রকাশ করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা |
| | [১.১.১৫] সম্পৃক্ত পুষ্টি ক্লাব | ৫ | ১ম কোয়ার্টারে ১টি পুষ্টি ক্লাব গঠন করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| | [১.১.১৬] সম্পৃক্ত পুষ্টি ক্লাবে উপকারভোগী (কৃষক-কৃষাণী/ছাত্র-ছাত্রী) | ৫০০ | ১ম কোয়ার্টারে ১২৫ জন উপকারভোগীকে নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| [২.২] মানবসম্পদ ব্যবস্থাপনা | [২.২.১] প্রশিক্ষিত জনবল | ২০ | ১ম কোয়ার্টারে ৫ জনকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| | [২.২.২] প্রদানকৃত/নিষ্পত্তিকৃত উচ্চ শিক্ষার মনোনয়ন | ২ | - | ফোকাল পয়েন্ট |
| | [২.২.৩] নিয়োগ/পদোন্নতি | ৬০ | - | ফোকাল পয়েন্ট |

৫. আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী আবুল কালাম
পরিচালক (যুগ্মসচিব) ও টিম লিডার, বার্ষিক
কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম, বারটান

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.৫৫.০০১.১৯-২৬৯

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৬
২৮ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ) (সকল)
২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয় (সকল)
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
৫) হিসাব শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা
৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
৭) জনসংযোগ কর্মকর্তা, প্রশাসন শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
৮) ব্যক্তিগত সহকারী, নির্বাহী পরিচালক- এর দপ্তর, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) অফিস কপি/সংশ্লিষ্ট নথি, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।

Sagir

গোলাম ছগির আহাম্মদ
বৈজ্ঞানিক কর্মকর্তা ও সদস্য সচিব, এপিএ টিম,

বারটান।